গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম

বিষয়ঃ ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ।

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২০-২১ | | | | |
| ০১ | Innovation in Loan Approval | ADB wing has prepared a flow chart of the loan approval process for ERD officials. Previously, ERD had a flow chart. At this moment ADB wing updated it and sent it to KMC for further discussion with all ERD officials through a presentation. This time ADB wing proposed two virtual meetings with relevant stakeholders such as a loan negotiation meeting and an inter-ministerial meeting | কার্যকর রয়েছে | হ্যা | N/A | |
| ০২ | পেনশন ট্র্যাকার | প্রতি বছরই অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের ন্যায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কর্মরত কর্মচারি, কর্মকর্তাগণ এলপিআরে গমন করেন। সম্প্রতি পেনশন সহজীকরণ আদেশ জারী হয়েছে। এ আদেশে পেনশন প্রসেস ম্যাপিং করা হয়েছে। কর্মচারি, কর্মকর্তাগণের এলপিআরে গমন তারিখের ১১ মাস পূর্ব থেকে মাসিক পেনশন চেক পেনশনভোগীর ব্যাংক একাউন্টে জমা পর্যন্ত বিভিন্ন প্রয়োজনীয় কার্যক্রম ও দায়িত্বের সুস্পষ্ট বন্টন এ ম্যাপিং করা আছে।<br>পেনশন প্রসেস ম্যাপিং-এ বর্ণিত দায়িত্বপ্রাপ্ত প্রশাসনিক দপ্তর, হিসাব | কার্যকর রয়েছে | হ্যা | N/A | |

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | রক্ষণ অফিস, এলপিআর আবেদনকারী, কল্যান কর্মকর্তাকে তাদের জন্য নির্ধারিত কার্যক্রম/দায়িত্ব একটি এ্যাপের মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে এসএমএসের মাধ্যমে নির্ধারিত সময়/তারিখে জানানো এবং সে অনুসারে ফিরতি এসএমএসের মাধ্যমে সম্পাদন তথ্য প্রদানের মাধ্যমে পেনশন প্রাপ্তি নিশ্চিতকরণ। | | | | |
| ০৩ | জাতীয় পতাকা | বাংলাদেশের জাতীয় পতাকা এবং সরকারি লোগো অনলাইন মাধ্যমে খুঁজলে সবুজ/লাল/হলুদ রঙের বিভিন্ন ভেরিয়েশন পাওয়া যায়। যা অবশ্যই সঠিক নয়।<br>বাংলাদেশের জাতীয় পতাকা এবং সরকারি লোগোর একটি নির্দিষ্ট কালার কোড অনুযায়ী অনলাইন প্রেজেন্স থাকা উচিৎ। এই ডিজিটাল যুগে যাতে সবখানেই একই রংয়ের জাতীয় পতাকা এবং সরকারি লোগো দৃশ্যমান হয়।<br>এছাড়া সরকারি প্রচার মাধ্যম ব্যবহার করে এটা জনসাধারণের মাঝে ছড়িয়ে দেয়া প্রয়োজন। | গত তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হয়েছে, ফিডব্যাক পাওয়া যায়নি | N/A | N/A | |
| ০৪ | Aid Information Management System (AIMS) | বাংলাদেশে বৈদেশিক অর্থায়ন বিষয়ক সকল কার্যক্রম ইআরডি কর্তৃক সম্পাদিত হয়। কোন নাগরিক যদি জানতে চান তার এলাকাতে কোন প্রকল্প চলমান এবং তাতে কোন উন্নয়ন সহযোগী কত অর্থায়ন করছে, সে তথ্য সহজলভ্য নয়।<br>অভিজ্ঞতায় দেখা গেছে সাধারণ জনগণ সরাসরি এ বিভাগ থেকে তথ্য সংগ্রহ করে না। তবে শিক্ষক, ছাত্র, অর্থনীতিবিদ, গবেষক, সাংবাদিক ও জনপ্রতিনিধিগণ এ বিভাগ থেকে তথ্য সংগ্রহ করেন।<br>বৈদেশিক সাহায্য সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যের প্রাপ্যতা সহজলভ্য করে বৈদেশিক সাহায্য প্রবাহের স্বচ্ছতা ও কার্যকারিতা নিশ্চিত করার বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। বৈদেশিক অর্থায়নের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে Aid Information Management System (AIMS) চালু | কার্যকর নেই। সেবাটির আপডেট ভার্সন প্রয়োজন | না | aims.erd.gov.bd | |

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | করা হয়েছে। AIMS উন্নয়ন সহযোগীদেশ এবং সংস্থার বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত তথ্য আপলোড করতে পারে এবং আপলোডকৃত তথ্য সবার জন্য উন্মুক্ত। AIMS এ Geo-Coding মডিউল ব্যবহার করে কোন প্রকল্প কোথায় বাস্তবায়িত হচ্ছে তা জানা যায়।<br>বৈদেশিক অর্থায়নের ঐতিহাসিক তথ্যসহ সকল তথ্য এ বিভাগ থেকে প্রকাশিত Flow of External Resources Bangladesh বইয়ে সংরক্ষিত থাকে। পাশাপাশি চলতি বছরের তথ্য FABA অনুবিভাগে সংরক্ষন করা হয়। এছাড়াও ইআরডি'র ওয়েবসাইটে এ বিষয়ে সকল হালনাগাদ তথ্য রয়েছে যা সকলের জন্য উন্মুক্ত। যে কেউ বৈদেশিক অর্থায়নের তথ্য সেখান থেকে পেতে পারে। | | | | |
| ০৫ | ERDPEDIA | ইআরডি'র কেন্দ্রীয় তথ্য ভান্ডার হিসেবে আরডক (ERDOC) কাজ করে থাকে। ইআরডি'র লক্ষ্যে ও উদ্দেশ্য বাস্তবায়নে সহযোগিতার জন্য প্রয়োজনীয় তথ্য যোগান দেওয়ার উদ্দেশ্যে আরডক কর্তৃক দেশি-বিদেশী বিভিন্ন প্রকার ডকুমেন্ট সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণের ব্যবস্থা করা হয়ে থাকে। অধিকন্তু সচিব মহোদয়ের দপ্তর কর্তৃক প্রতিনিয়ত গৃহীত দেশী-বিদেশী বিভিন্ন প্রতিবেদন-প্রকাশনার অধিকাংশ কপি আরডকে সংরক্ষন করা হয়।<br>আরডকের প্রধানতম সংগৃহীত উপকরণ হচ্ছে বিভিন্ন উন্নয়ন সহযোগী দেশ ও সংস্থার সাথে সম্পাদিত অর্থনৈতিক চুক্তিপত্র। উন্নয়ন কার্যক্রমে বৈদেশিক অর্থায়ন সংক্রান্ত পৃথিবীর উন্নয়ন সহযোগী দেশ এবং উন্নয়ন সহযোগী আন্তর্জাতিক সংস্থার সাথে যে সকল কারিগরী, অনুদান ও ঋণচুক্তি স্বাক্ষরিত হয় তার অধিকাংশ মূল চুক্তিপত্র আরডকে সংরক্ষণ করা হয়ে থাকে। ADB, AIIB, China, DFID, EIB, EU, FAO, France, Germany, IDA, IDB, IFAD, IOM, ILO, India, JICA, Netherlands, Sweden, Switzerland, UNDP, UNESCO সহ বিভিন্ন সংস্থা ও দেশের সাথে সম্পাদিত চুক্তিপত্র | কার্যকর | পাচ্ছে | erdpedia.erd.gov.bd | |

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | এখানে সংরক্ষিত রয়েছে।<br>আরডকের সংগ্রহ সংখ্যা প্রায় ১৮,০০০ ( বই-পুস্তক, সাময়িক পত্র, ম্যাগাজিন, জার্নাল, নিউজলেটার, গেজেট ইত্যাদি) । আরডকের সংগৃহীত ডকুমেন্ট হতে সচিব মহোদয়ের দপ্তরসহ ইআরডি'র কর্মকর্তা/কর্মচারীগণ সময়ে সময়ে তথ্য পরিসেবা গ্রহণ করে থাকেন। | | | | |
| ০৬ | তথ্যের প্রাপ্যতা | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) বিভিন্ন দেশ, উন্নয়ন সহযোগীদের সঙ্গে বিভিন্ন প্রকল্পের বিষয়ে আলোচনা ও চুক্তি স্বাক্ষর করে থাকে এবং উক্ত চুক্তির প্রেস রিলিজও তৈরি করে থাকে। প্রেস রিলিজগুলো ইলেকট্রনিক মিডিয়া, প্রিন্ট মিডিয়া এবং সাংবাদিকগণকে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) থেকে হার্ড কপি সরবরাহ করা হয়ে থাকে। কোভিড-১৯ পরিস্থিতিতে প্রেস রিলিজগুলো সহজে সাংবাদিকগণের নিকট পৌঁছানোর জন্য ইলেকট্রনিক মিডিয়া ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের নিয়ে একটি গ্রুপ মেইল (journalist@erd.gov.bd) তৈরি করা হয়েছে। সেবা সহজীকরণে পাইলটিং হিসেবে গত ১৫/০৯/২০২০ তারিখের ০৯.০০.০০০০.২৫২.১৬.০০২.১৯/৫৬ স্মারকে একটি অফিস আদেশ জারি করা হয়। এ বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে এ গ্রুপের সদস্য করা হয়েছে। | কার্যকর | পাচ্ছে | গ্রুপ মেইল<br>(journalist@erd.gov.bd) | |
| | | ২০২১-২২ | | | | |
| ০৭ | প্রশিক্ষণ ও কর্মশালায় দক্ষতা যাচাই ও মূল্যায়ন পরীক্ষায় সেবা সহজীকরণ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগে কোভিড কালীন মহামারির সময় থেকে সকল সভা, প্রশিক্ষণ ও কর্মশালা অনলাইনে করা হয়ে থাকে। উক্ত সভা, প্রশিক্ষণ ও কর্মশালার ফিডব্যাক/দক্ষতা যাচাই ও মূল্যায়ন গুগল ফর্মের মাধ্যমে এ বিভাগের আইসিটি সেলের সহায়তায় সম্পন্ন করা হচ্ছে। উক্ত ব্যবস্থাতে স্বয়ংক্রিয়ভাবে নম্বর প্রদান করে সটিং এর মাধ্যমে মেধাক্রম নির্ণয় করা সহজ ফলে ম্যানুয়ালে পরিক্ষা নেয়া, খাতা দেখা, মেধাক্রম যাচাই করা প্রয়োজন হয় না এবং এর ফলে সময়, শ্রম | কার্যকর | পাচ্ছে | Google Form | |

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | খরচ সাশ্রয় হচ্ছে। প্রশিক্ষণ ও কর্মশালায় দক্ষতা যাচাই ও মূল্যায়ন পরিক্ষা সংক্রান্ত সহজীকৃত সেবার কারিগরি সহায়তা এ বিভাগের আইসিটি সেল থেকে নেয়া হয়। | | | | |
| ০৮ | বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ও সূচক এর রিমাইন্ডার | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তক প্রকাশিত মন্ত্রনালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ এর ১.১ নং অনুচ্ছেদে একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করার নির্দেশনা দেয়া হয়েছে। এ প্রেক্ষিতে এ বিভাগের ইনোভেশন টিম কর্তৃক নিম্নলিখিত উদ্ভাবনী ধারণা গ্রহণ করেছে;<br>উক্ত ধারনাগুলোর মধ্যে ই-মেইলে রিমাইন্ডার প্রেরণ ধারনাটি অত্র বিভাগে হতে বাস্তবায়ন করা হয়েছে। APA, Innovation Team, Citizen Charter এর বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম ও সূচক এর রিমাইন্ডার সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে ই-মেইল রিমাইন্ডার এর মাধ্যমে প্রদান করা হচ্ছে।<br>APA, Innovation Team, Citizen Charter এর বার্ষিক কর্মপরিকল্পনার সময়সূচির সাথে সমন্বয় রেখে একটি এ্যালার্ম সিস্টেম অফিসিয়াল ই-মেইল এ চালু করা হয়েছে। এর ফলে কর্মকর্তাগণ তাঁদের সূচি অনুযায়ী কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম সম্পন্ন করতে পারবেন এবং ভুল হবার সম্ভাবনা বহু অংশেই কমে আসবে। এই এ্যালার্ম সিস্টেম ব্যবস্থাপনা এবং এ সংশ্লিষ্ট কারিগরি সহায়তা এ বিভাগের আইসিটি সেল হতে প্রদান করা হচ্ছে। | কার্যকর | পাচ্ছে | mail.erd.gov.bd | |
| ০৯ | Bangladesh-Sweden Trust Fund (BSTF) | সুইডেন সরকারের অনুদানে বাংলাদেশে-সুইডেন ট্রাস্ট ফান্ড গত ১৯৮৪ সালে গঠিত হয়। বাংলাদেশ হতে বিদেশে উচ্চশিক্ষায় বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বিমান ভাড়ার একাংশ ট্রাস্টের মূল টাকার প্রাপ্ত সুদ থেকে প্রদান করা হয়। এই কাজটি শুরু থেকেই ম্যানুয়াল পদ্ধতিতে সম্পন্ন করা হতো। যার জন্য আনুমানিক ৭-৮ মাস সময় লাগতো। ম্যানুয়াল | কার্যকর | পাচ্ছে | bstf.erd.gov.bd | |

| ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা / আইডিয়ার নাম | সেবা বা আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটি কার্যকর আছে কি-না/ না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | পদ্ধতিতে সেবা গ্রহণের জন্য সেবা প্রার্থীকে ২-৩ বার সংশ্লিষ্ট শাখায় আসতে হতো। পূর্ববর্তী পদ্ধতিতে সেবা গ্রহীতা ডাক মাধ্যমে বা সরাসরি প্রয়োজনীয় কাগজপত্র সংশ্লিষ্ট ডেস্কে জমা দিত এবং চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে ট্রাস্ট ফান্ড থেকে প্রদত্ত চেক সরাসরি গ্রহণ করতে হতো।<br>বর্তমানে একটি সফটওয়্যারের মাধ্যমে এই কাজটি মাত্র ২-৩ মাসে সম্পন্ন করা হয়। অনলাইনে এ কার্যক্রম শুরু হওয়ার পর সেবা গ্রহীতাগণকে ইআরডি'র সংশ্লিষ্ট শাখায় আসার প্রয়োজন নেই। অনলাইনের মাধ্যমে সকল প্রয়োজনীয় কাগজপত্রের Softcopy আপলোড করা যায় এবং চূড়ান্ত বাছাইকৃত শিক্ষার্থীদের ব্যাংক একাউন্টে EFT-র মাধ্যমে টাকা প্রেরণ করা হয়। | | | | |

০৪/১০/২০২২

আবদুল বাকী
অতিরিক্ত সচিব
ও
চীফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ